# গত সাতদিন

## (১০.০৬.২০১৪–১৬.০৬.২০১৪)

● ২০০০ ডেস্ক

### পররাষ্ট্র

**শেখ হাসিনা-লি কেছিয়াং শীর্ষ বৈঠক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে চীনের প্রধানমন্ত্রী লি কেছিয়াংয়ের শীর্ষ বৈঠক শেষে ৯ জুন বেইজিংয়ে পাঁচটি চুক্তি ও সমঝোতা স্মারক সই হয়েছে। এর মধ্যে রয়েছে বাংলাদেশে একটি কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র ও চীনের বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা। তবে সোনাদিয়ায় গভীর সমুদ্রবন্দর নিয়ে একটি সমঝোতা স্মারক সইয়ের কথা থাকলেও শেষ পর্যন্ত তা হয়নি। ৯ জুন বেইজিংয়ের গ্রেট হলে আনুষ্ঠানিক বৈঠক শেষে শীর্ষ নেতাদের উপস্থিতিতে দুই দেশের কর্মকর্তারা চুক্তিগুলোতে সই করেন।



কুর্মিটোলা বিহারি ক্যাম্পে হত্যাকাণ্ডের প্রতিবাদ ও দায়ী ব্যক্তিদের বিচারের দাবিতে বিহারিরা রোববার মিছিল বের করে

### আইন আদালত

**ক্রেস্ট জালিয়াতির দুই ঠিকাদারের বিরুদ্ধে মামলা**

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অবিস্মরণীয় অবদানের জন্য বিদেশি বন্ধু ও প্রতিষ্ঠানকে সম্মাননা হিসেবে দেয়া ক্রেস্টে নির্ধারিত পরিমাণে সোনা না দেয়ায় সরবরাহকারী দুই প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে প্রতারণা ও অর্থ আত্মসাতের অভিযোগে মামলা করেছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। ১০ জুন রাতে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সহকারী সচিব এনায়েতউল্লাহ খান বাদী হয়ে শাহবাগ থানায় এ মামলা করেন। এতে রাজধানীর বনানীতে অবস্থিত সরবরাহকারী প্রতিষ্ঠান এমিকনের মালিক মীর দাউদ আহমেদ ওরফে নাজিম ও শান্তিনগরের মেসার্স মহাসিনুল হাসানের মালিক মো. মোহসিনুল হাসানের বিরুদ্ধে প্রতারণা করে অর্থ আত্মসাতের অভিযোগ আনা হয়েছে।

### অগ্নিকাণ্ড

**পল্লবীর বিহারি ক্যাম্পে হামলা-আগুন**

রাজধানীর পল্লবীর কুর্মিটোলা বিহারি ক্যাম্পে ১৪ জুন ভোরে দুর্বৃত্তদের দেয়া আগুনে পুড়ে ঘুমন্ত অবস্থায় একই পরিবারের ৯ জন মারা গেছেন। এ নিয়ে বিহারি ক্যাম্পের বাসিন্দাদের সঙ্গে পুলিশ ও আশপাশের যুবকদের ত্রিমুখী সংঘর্ষে এক তরুণ গুলিবিদ্ধ হয়ে মারা যান। ভোর সাড়ে পাঁচটা থেকে শুরু করে দুপুর সাড়ে বারোটা পর্যন্ত ৭ ঘণ্টা ধরে চলা সংঘর্ষে পুলিশসহ অর্ধশতাধিক আহত হয়েছেন। কুর্মিটোলা ক্যাম্পের বাসিন্দারা অভিযোগ করেছেন, স্থানীয় সাংসদের কথামতো নিউ কুর্মিটোলা ক্যাম্প থেকে পাশের রাজি বস্তিতে বিদ্যুৎ সংযোগ না দেয়ায় সাংসদের নির্দেশে যুবলীগের কর্মীরা এ ঘটনা ঘটিয়েছেন। তারা পুলিশের সামনে অগ্নিসংযোগও করেছেন। তবে পুলিশের দাবি, তাদের সামনে এ ঘটনা ঘটেনি। বিহারি ক্যাম্পে আতশবাজি পোড়ানো ও ফোটানো নিয়ে প্রথমে বিহারি ক্যাম্পের দুটি পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। পরে আশপাশের বাসিন্দাদের সঙ্গেও সংঘর্ষ বাধে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গেলে তাদের সঙ্গেও ক্যাম্পবাসীর সংঘর্ষ হয়। এমন সময় কিছু যুবক পিস্তল, লাঠিসোটা ও চাপাতি নিয়ে ক্যাম্পের বাড়িঘরে হামলা চালাতে থাকে। ক্যাম্পের বাসিন্দারা জানান, তারা স্থানীয় সাংসদের ঘনিষ্ঠ যুবলীগের নেতাকর্মী। প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল সাড়ে ৭টার দিকে যুবলীগের কর্মীরা কুর্মিটোলা ক্যাম্পের বাইরে থেকে ইয়াছিন আলীর ঘরসহ লাগোয়া আরো ৮টি ঘরে তালা লাগিয়ে আগুন দেয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের মিরপুরের তিনটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে এক ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নেভায়। পরে ক্যাম্পের বাসিন্দারা দরজা ভেঙে শিশু-নারীসহ ৯ জনের লাশ ও আহত ৬ জনকে উদ্ধার করেন।

বিহারি ক্যাম্পে সংঘর্ষ ও নিহত হওয়ার ঘটনায় জড়িতদের বিচারের দাবিতে ১৫ জুন বিক্ষোভ করেন মিরপুর ক্যাম্পের বিহারিরা। এদিকে হাসপাতাল মর্গে লাশ হস্তান্তরের সময় ক্ষুব্ধ জনতার তোপের মুখে পড়েন স্থানীয় সাংসদ ইলিয়াস মোল্লা। ঘটনার জন্য তাকে দায়ী করে তারা ক্ষতিপূরণের টাকা ছুড়ে ফেলে দেন। নৃশংস এ ঘটনায় হত্যাসহ নানা অভিযোগে ছয়টি মামলা করা হয়েছে।

### প্রয়াণ

**সরদার ফজলুল করিম আর নেই**

বিশিষ্ট শিক্ষাবিদ, বুদ্ধিজীবী ও দার্শনিক সরদার ফজলুল করিম আর নেই। তিনি রাজধানীর শমরিতা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৪ জুন রাত পৌনে ১টায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক ফজলুল করিম শিক্ষকতার পাশাপাশি লেখালেখিও করেছেন প্রচুর। তার উল্লেখযোগ্য অনুবাদ ও রচনার মধ্যে রয়েছে প্লেটোর সংলাপ, প্লেটোর রিপাবলিক, অ্যারিস্টটলের পলিটিক্স, অ্যাঙ্গেলসের অ্যান্টিডুরিং, নানা কথার পরের কথা, ঢাকা বিশ্ববিদ্যালয় ও অধ্যাপক আবদুর রাজ্জাক, চল্লিশ দশকের ঢাকা, নূহের কিশতি ইত্যাদি।

**প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন**

ছয় দিনের চীন সফরের অর্জন তুলে ধরতে ১৪ জুন গণভবনে আয়োজন করা হয় এক সংবাদ সম্মেলনের। কিন্তু প্রশ্নোত্তর পর্বের পুরোটাই ছিল রাজনীতিকেন্দ্রিক। প্রধানমন্ত্রী

## সপ্তাহের উক্তি



'মা-বেটাকে রিমান্ডে নিলেই সব বেরিয়ে আসবে।'
শেখ হাসিনা, প্রধানমন্ত্রী
গণভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে জিয়াউর রহমান হত্যা প্রসঙ্গে।
(ইনকিলাব, ১৫ জুন)



'প্রশ্নপত্র হয় অ্যানালগে, আর অপরাধীরা চলে গেছে ডিজিটালে।'
নুরুল ইসলাম নাহিদ, শিক্ষামন্ত্রী
মন্ত্রণালয়ের মতবিনিময় সভায় প্রশ্নপত্র ফাঁস নিয়ে।
(প্রথম আলো, ১২ জুন)



'সারাদেশে যুবলীগ যা-ই করুক না কেন, আমার এলাকার যুবলীগের বিরুদ্ধে এমন কোনো অভিযোগ নেই।'
ইলিয়াস মোল্লা, সাংসদ
বিহারি ক্যাম্পে যুবলীগের হামলা প্রসঙ্গে।
(প্রথম আলো, ১৫ জুন)



'কারো এলাকায় গিয়ে মাতব্বরি করতে চাই না। কাউকে আমার এলাকায় এসে মাতব্বরি করতেও দেব না।'
জিয়াউল হক মৃধা, সাংসদ
পাশের আসনের সাংসদের সঙ্গে বিরোধ প্রসঙ্গে। (প্রথম আলো, ১৩ জুন)



'আমরাও মানুষ, আমাদের পুড়িয়ে মারা হবে?'
ইয়াছিন বিহারি, পল্লবী বিহারি ক্যাম্পের অধিবাসী
নিজের পরিবারের নয়জন পুড়ে মারা যাওয়ার প্রতিক্রিয়ায়।
(ইত্তেফাক, ১৫ জুন)



'ক্ষমতার পরিবর্তন মানেই বন্ধুত্বের অবসান নয়।'
এসটিআই তুহিন, ছাত্র
বিজেপির জয় ও ঢাকা-দিল্লি সম্পর্ক প্রসঙ্গে এক দৈনিক পত্রিকার জরিপে।
(ইত্তেফাক, ১১ জুন)

শেখ হাসিনা এ সময় বলেন, জিয়াউর রহমান হত্যার ঘটনায় কাউকে রিমান্ডে নিতে হলে তার স্ত্রী খালেদা জিয়া ও ছেলে তারেক রহমানকেই নিতে হবে। সম্পৃক্ততা কতটুকু তা দেখতেই তাদের রিমান্ডে নেয়া উচিত। তিনি বলেন, 'মা চায় সংলাপ, ব্যাটা বলে, জিয়া হত্যার ঘটনায় আমাকে রিমান্ডে নেবে। আগে তারাই ঠিক করুক, আসলে কী চায়।'

### অর্থনীতি

#### পণ্য রফতানি আয় উর্ধ্বমুখী

গত বছরের শেষ ৬ মাসের রাজনৈতিক অস্থিরতায় কম-বেশি সবাই ক্ষতিগ্রস্ত হয়েছেন। বিঘ্নিত হয়েছে দেশের ব্যবসা-বাণিজ্য। তারপরও ব্যবসায়ীরা হাল ছাড়েননি। হরতাল ও অবরোধ কর্মসূচির মধ্যেও তারা পণ্য রফতানি সচল রেখেছেন। আর এজন্যই রফতানি আয় এখনো সন্তোষজনক ধারাতে রয়েছে। চলতি ২০১৩-১৪ অর্থবছরের প্রথম ১১ মাস, অর্থাৎ জুলাই-মে মাসে রফতানি আয় হয়েছে ২ হাজার ৭শ ৩৭ কোটি ৬৫ লাখ মার্কিন ডলার, যা দেশি মুদ্রায় ২ লাখ ১৮ হাজার ৯শ ৬০ কোটি টাকা। আর এই আয় গত অর্থবছরের একই সময়ের চেয়ে ১২ দশমিক ৫৬ শতাংশ বেশি। নানা বাধার মধ্যেও দেশের প্রধান রফতানি পণ্য তৈরি পোশাকের রফতানি আয় বাড়ছে বলেই এই প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছে। পোশাক খাতের রফতানি আয় ২ হাজার ২শ ১৭ কোটি টাকা, যা রফতানি আয়ের ৮১ শতাংশ, পোশাক শিল্পের মতো চামড়া ও চামড়াজাত পণ্য ও হিমায়িত খাদ্য রফতানি ইতিবাচক ধারায় অব্যাহত আছে। চামড়া রফতানিতে আয় হয়েছে ৪৬ কোটি ৮৬ লাখ ডলার। চামড়াজাত পণ্য রফতানিতে আয় ২১ কোটি ৮১ লাখ ডলার। অন্যদিকে হিমায়িত খাদ্য রফতানিতে আয় হয়েছে ৫৭ কোটি ডলার। রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) ১৫ জুন পণ্য রফতানির এই হালনাগাদ তথ্য প্রকাশ করেছে।

#### আগামী বছর থেকে পৃথক 'শিশু বাজেট'

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, শিশুদের কল্যাণে আগামী অর্থবছর থেকে পৃথক বাজেট থাকবে। তবে বাংলাদেশের বাস্তবতা বিবেচনায় শিশুদের বয়সসীমা ১৮ বছর থেকে কমিয়ে ১৬ বছর করার ওপর জোর দিয়েছেন অর্থমন্ত্রী। কারণ হিসেবে বলেছেন, 'আমাদের দেশে ১৬ বছর বয়সেই অনেক ছেলেমেয়ের বিয়ে হয়ে যায়। প্রকৃত শিশু হিসেবে তাদের বিবেচনা করাটা খুব একটা যৌক্তিক নয়।'

১৪ জুন রাজধানীর একটি হোটেলে সেভ দ্য চিলড্রেন এবং সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) আয়োজিত 'বাংলাদেশ শিশু বাজেট' শীর্ষক প্রতিবেদনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অর্থমন্ত্রী এসব কথা বলেন। শিশু বাজেট বলতে শিশুদের বিকাশের জন্য প্রয়োজনীয় বিষয়গুলোয় কতটা রাষ্ট্রীয় বরাদ্দ দেয়া হচ্ছে তা বোঝানো হয়েছে।

### স্বাস্থ্য

#### বাংলাদেশে প্রথম মার্স করোনা রোগী শনাক্ত

বাংলাদেশে প্রথমবারের মতো মিডল ইস্ট রেসপিরেটরি সিনড্রোম (মার্স) করোনা ভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হয়েছেন। তিনি এখন রাজধানীর একটি সরকারি হাসপাতালে চিকিৎসাধীন। যুক্তরাষ্ট্র প্রবাসী ওই ব্যক্তি আবুধাবি হয়ে বাংলাদেশে এসেছেন। রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) বিষয়টি নিশ্চিত করেছে। তারা বলেছে, মার্স করোনা ভাইরাসজনিত রোগটি অত্যন্ত ছোঁয়াচে। বিশ্বের বিভিন্ন স্থানে এ রোগে আক্রান্ত ব্যক্তিদের ৩০ শতাংশ মারা গেছেন। এতে খুব শ্বাসকষ্ট হয়। রোগটির অন্যান্য উপসর্গ ভাইরাসজনিত জ্বরের মতোই। তবে রোগটি নিয়ে আতঙ্কের কিছু নেই উল্লেখ করে আইইডিসিআর ইতিমধ্যে বলেছে, দেশের অনেক চিকিৎসককে এ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। মার্স ভাইরাসের সংক্রমণ এড়াতে সাবান দিয়ে হাত ধোয়া ও হাঁচি-কাশির সময়ে রুমাল ব্যবহারের পরামর্শ দিয়েছেন চিকিৎসকরা। এ রোগের কোনো প্রতিষেধক এখনো আবিষ্কৃত হয়নি। প্রথম এটি শনাক্ত হয় ২০১২ সালের এপ্রিলে মধ্যপ্রাচ্যের একটি দেশে।

### আইন-শৃঙ্খলা

#### নূর হোসেন গ্রেফতারের পর রিমান্ডে

নারায়ণগঞ্জের সাত খুনের প্রধান আসামি নূর হোসেন ও তার দুই সঙ্গীকে ১৪ জুন গভীর রাতে কলকাতার দমদম বিমানবন্দর-সংলগ্ন বাগুইআটি থানার পুলিশ গ্রেফতার করে। গ্রেফতারের পর তাদের আট দিনের রিমান্ডে নিয়েছে ভারতের পশ্চিমবঙ্গের উত্তর চব্বিশ পরগনার পুলিশ। ১৫ জুন তাদের বারাসাত আদালতে হাজির করে ১৪ দিনের রিমান্ডের আবেদন জানালে আদালত আট দিনের রিমান্ড মঞ্জুর করেন। ঢাকার পুলিশ সূত্রে জানা যায়, নূর হোসেন ভারতে আত্মগোপন করে আছেন, এ খবর নিশ্চিত হওয়ার পর থেকে বিভিন্ন মাধ্যমে ভারতীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হয়। এরই ভিত্তিতে ভারতের ন্যাশনাল ইনভেস্টিগেটিং এজেন্সি (এনআইএ) ও বাগুইআটি থানার পুলিশ গ্রেফতার অভিযান চালায়। তবে নূর হোসেনকে কবে দেশে আনা হবে, তা স্পষ্ট নয়। ■